

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৩৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১৭. সালাত শুরু করা সম্পর্কে

باب افْتِتَاحِ الصَّلَاةِ

### আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّتَنَا ابْنُ لَهِيعَةً، عَنْ أَبِي هُبَيْرَةَ، عَنْ مَيْمُونِ الْمَكِّيِّ، أَنَّهُ رَأَى عَبْدَ اللهِ بْنَ الزُّبَيْرِ وَصَلَّى بِهِمْ يُشِيلُ بِكَفَيْهِ حِينَ يَقُومُ وَحِينَ يَرْكَعُ وَحِينَ يَسْجُدُ وَحِينَ يَنْهَضُ لِلْقِيَامِ فَيَقُومُ فَيُشِيلُ بِيَدَيْهِ فَانْطَلَقْتُ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقُلْتُ إِنِي رَأَيْتُ ابْنَ الزُّبَيْرِ مَنَلَّى صَلَاةً لَمْ أَرَ أَحَدًا يُصَلِّيهَا فَوَصَفْتُ لَهُ هَذِهِ الإِشَارَةَ فَقَالَ إِنْ أَحْبَبْتَ أَنْ تَنْظُرَ إِلَى صَلَاةٍ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَاقْتَد بِصَلَاةٍ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ .

\_ صحيح

#### বাংলা

৭৩৯। মায়মূন আল-মাক্কী সূত্রে বর্ণিত। তিনি দেখলেন যে, 'আবদুল্লাহ ইবনুয যুবায়ির (রাঃ) লোকদের সালাত আদায়কালে দাঁড়ানোর সময়, রুকু' হতে সোজা হওয়ার সময়, সিজদা্কালে, এবং (দু' রাক'আত শেষে তৃতীয় রাক'আতের জন্য) দাঁড়ানোর সময় তাঁর দু' হাত উঠালেন। অতঃপর আমি ইবনু 'আব্বাস (রাঃ)-এর কাছে গিয়ে তাঁকে ইবনুয যুবায়িরের সালাত সম্পর্কে বললাম, কাউকে তো এভাবে হাত উঠিয়ে সালাত আদায় করতে দেখিনি। তিনি বললেন, তুমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের পদ্ধতি অবলোকন করতে চাইলে ইবনুয যুবায়িরের সালাতের অনুসরণ কর।[1]

সহীহ।

## **English**

Narrated Abdullah ibn Abbas:



Maymun al-Makki said: that he saw Abdullah ibn az-Zubayr leading in prayer. He pointed with his hands (i.e. raised his hands opposite to the shoulders) when he stood up, when he bowed and when he prostrated, and when he got up after prostration, he pointed with his hands (i.e. raised his hands).

The I went to Ibn Abbas and said (to him) I saw Ibn az-Zubayr praying that I never saw anyone praying. I then told him about the pointing with his hands (raising his hands). He said: If you like to see the prayer of the Messenger of Allah (ﷺ) follower the prayer as offered by Abdullah ibn az-Zubayr.

### ফুটনোট

- [1] আবূ দাউদ, হাদীস সহীহ।
- \* সিজদার সময় রফ'উল ইয়াদাইন প্রসঙ্গে

সিজদায় রফ'উল ইয়াদাইন করা এবং না করা উভয় বিষয়ই হাদীস রয়েছে। আবূ বাকর ইবনুল মুন্যির, আবূ আলী আত-ত্বাবারী ও কতিপয় হাদীস বিশারদ এ সময়ে রফ'উল ইয়াদাইন করা মুস্তাহাব বলেছেন। পক্ষান্তরে অন্যান্যরা এর বিপরীত মত পোষণ করেছেন। হাফিয ইবনুল কাইয়্যিম (রহঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আল্লাহু আকবার' বলে প্রশান্তির সাথে সিজদায় লুটিয়ে পড়তেন। এ সময়ে তিনি রফ'উল ইয়াদাইন করতেন না। তবে বর্ণনা করা হয়েছে যে, তিনি এ সময়ে রফ'উল ইয়াদাইন করতেন। ইবনু হাজম প্রমুখ এ বর্ণনাকে সহীহ বলেছেন। আসলে এটা একটা অনুমাত ভিত্তিক বক্তব্য। মূলতঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদায় যাওয়ার সময় রফ'উল ইয়াদাইন করতেন না। হাদীস বর্ণনাকারীর ভুলের কারণে তিনি এ সময় রফ'উল ইয়াদাইন করতেন বলে ভুল ধারণার সৃষ্টি হয়েছে। আল্লাহই ভালো জানেন। (দেখুন, যাদুল মাআদ)

'সালাতুল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গ্রন্থে রয়েছেঃ ''রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদার সময় রফ'উল ইয়াদাইন করতেন না- (সহীহ ইবনু খুযাইমাহ, হাদীস- ৬৯৪)। ইবনুল কাইয়িয়ম বলেন, ইমাম আহমাদ এর অধিকাংশ বর্ণনাও এ কথা প্রমাণ করে যে, তিনি সিজদাকালে রফ'উল ইয়াদাইন এর সমর্থক ছিলেন না- (মাসায়েলে ইমাম আহমাদ, মাসআলাহ নং ৩২০)। শায়খ আলবানী (সিফাত, ১২১) সাজাদহয় রফ'উল ইয়াদাইন সম্পর্কে যে হাদীস বর্ণনা করেছেন তার অর্থ রুকু'র ন্যায় রফ'উল ইয়াদাইন নয়। বরং সাধারণভাবে সিজদা থেকে হাত উঠানো বুঝানো হয়েছে বলে অনুমিত হয়।" (দেখুন, সালাতুল রাসূল, পৃঃ ৬৮, হাদীস ফাউন্ডেশন বাংলাদেশ প্রকাশিত)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 58057$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন